# ২০২০
# স্নাতক পরীক্ষা
# সাধারণ বাংলা
# তৃতীয় পত্র

পূর্ণমান ঃ ১০০ সময় ঃ ৩ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

১। যে-কোনো **আটটি** প্রশ্নের উত্তর দাও ঃ ২×৮=১৬

ক) 'ছেলেবেলা' কোন্ শ্রেণির রচনা? রবীন্দ্রনাথ রচিত এই জাতীয় আর একটি গ্রন্থের নাম লেখো।

খ) 'স্যাকরা গাড়ি' কী? দিনু স্যাকরা কে?

গ) রাঁচির কোন্ পাহাড়ে জ্যোতিরিন্দ্রনাথ বাড়ি করেছিলেন? তাঁর যে জাহাজটি ডুবে গিয়েছিল, তার নাম কী?

ঘ) 'মধ্যবর্তিনী' গল্পে মোট ক'টি পরিচ্ছেদ আছে? নিবারণ কোথায় চাকরি করতেন?

ঙ) 'কাবুলিওয়ালা' গল্পটি প্রথম কোন্ পত্রিকায় কখন প্রকাশিত হয়?

চ) রবীন্দ্রনাথের প্রথম ছোটগল্প গ্রন্থটির নাম লেখো।

ছ) 'নবান্ন' নাটকের প্রথম অভিনয় হয়েছিল কবে? নাট্যকার বিজন ভট্টাচার্য সেখানে কোন্ ভূমিকায় অভিনয় করেছিলেন?

[ পরের পাতায় ]

জ) 'নবান্ন' নাটকে কলকাতার পটভূমিতে রচিত ক'টি দৃশ্য আছে? নির্মলবাবুকে কোন্ দৃশ্যে দেখা যায়?

ঝ) গণনাট্য সংঘের পরে বিজন ভট্টাচার্য আরও দু'টি নাট্যদলের সঙ্গে যুক্ত হয়েছিলেন। নাট্যদল দুটির নাম লেখো।

ঞ) 'রথের রশি' নাটকের সূচনাপর্বে কোন্ উৎসবের কথা আছে?

ট) 'রথের রশি' নাটকটি কাকে উৎসর্গ করা হয়েছিল? কবে এ নাটক লেখা হয়?

ঠ) ''কলিযুগে না চলে শাস্ত্র, না চলে শস্ত্র...।'' — কার উক্তি? 'শাস্ত্র' ও 'শস্ত্র' কথাদু'টির অর্থ লেখো।

২। প্রতিটি গ্রন্থ থেকে অন্ততঃ **একটি** প্রশ্ন নিয়ে মোট **ছয়টি** প্রশ্নের উত্তর দাও ঃ ৬×৬=৩৬

ক) ভৃত্যদের মহলে বালক রবীন্দ্রনাথের দিন কাটত কেমন করে তা লেখো। ব্রজেশ্বর ও শ্যামের আরও একটি করে নাম ছিল, নাম দুটি কী কী?

খ) ''একটা কথা আমার রাখতেই হবে, তুমি কোনোদিন দাড়ি রেখো না।'' — এটা কার আবেদন? রবীন্দ্রনাথের জীবনে তাঁর কী প্রভাব ছিল?

গ) 'ছেলেবেলা' গ্রন্থে অতীত ও বর্তমানের যে প্রভেদ ধরা পড়েছে — সংক্ষেপে তার পরিচয় দাও।

ঘ) ''কিন্তু ঠিক মাঝখানে একটি মৃত বালিকা শুইয়া রহিল।'' — বালিকাটির পরিচয় দাও। এই শুয়ে থাকার অর্থ কী?

ঙ) "অবশেষে তাহার হাসি দেখিয়া তাহাকে চিনিলাম।" — কার কথা বলা হয়েছে? তার পিতৃস্বরূপের পরিচয় দাও।

চ) "আমি তোমাদের কেহ? আমি এ পৃথিবীর!" — কার আর্ত উক্তি এটি? তার মানসিকতা সম্পর্কে লেখো।

ছ) "আর তারপর সব চাইতে বড় কথা ইজ্জৎ! মেয়েমানুষের ইজ্জৎ!!" — বক্তা কে? কোন্ পরিস্থিতিতে এ কথা বলা হয়েছিল?

জ) "বিলের ধারে ঐ যে বিঘে তিনেক খামার জমি আছে না জেঠার? তাই বলছিল, বিক্রি ক'রে ফেলি।" — কার উক্তি? জেঠা কে? জমি বিক্রির পরিস্থিতি কেন তৈরি হয়েছিল তা আলোচনা করো।

ঝ) "ওদের সঙ্গে মিলে ধরো সে রশি, বাঁচবার দিকে ফিরিয়ে আন রথটাকে।" — কাদের প্রতি, কার পরামর্শ এটি? কেন একথা বলা হয়েছে?

ঞ) 'রথের রশি' নাটকে মহিলা চরিত্রগুলির বৈশিষ্ট্য আলোচনা করো।

৩। প্রতিটি গ্রন্থ থেকে অন্ততঃ **একটি প্রশ্ন** নিয়ে মোট **চারটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৪×১২=৪৮

ক) "ছাদের রাজ্যে নতুন হাওয়া বইল, নামল নতুন ঋতু।" — ছাদটি কোথায়? নতুন ঋতুর নতুন হাওয়া কেমন করে রবীন্দ্রনাথকে গড়ে তুলেছিল? ২+১০

খ) রবীন্দ্রনাথ কত বছর বয়সে, কেন বিলাতে গিয়েছিলেন? সেখানে তাঁর লেখাপড়া এবং দিনযাত্রার পরিচয় দাও। ২+১০



গ) 'স্ত্রীর পত্র' গল্পে নারীর প্রতিবাদ কীভাবে ফুটে উঠেছে দেখাও। গল্পের অন্তিম সম্ভাষণটি হুবহু উদ্ধৃত করো। ১০+২

ঘ) অতিপ্রাকৃত গল্প হিসেবে 'নিশিথে'র সার্থকতা বিচার করো। ১২

ঙ) 'নবান্ন' নাটকে নারী চরিত্রগুলির ভূমিকা ও গুরুত্ব পর্যালোচনা করো। ১২

চ) কোন্ সামাজিক, ঐতিহাসিক, রাষ্ট্রনৈতিক এবং আন্তর্জাতিক পটভূমিতে 'নবান্ন' নাটক লেখা হয়েছিল? ব্যাখ্যা করো। ১২

ছ) রূপক-সাংকেতিক নাটক হিসাবে 'রথের রশি' কতটা সফল? রবীন্দ্রনাথের লেখা এই শ্রেণির আরও দুটি নাটকের নাম লেখো। ১০+২

জ) 'রথের রশি' নাটকে শূদ্র জাগরণের কথা কীভাবে উঠে এসেছে তা দেখাও। এই প্রসঙ্গে রবীন্দ্রনাথের কোন্ রচনাটি অত্যন্ত প্রাসঙ্গিক হয়ে ওঠে তা লেখো। ১০+২

———————